ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



নিউজ সারাদিন



বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

Digital Media Act No. : DM /34/2021 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ০৬৪ ● কলকাতা ● ২২ ফাল্গুন, ১৪৩১ ● শুক্রবার ● ০৭ মার্চ ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

# আদালতের চাপে পড়তেই ব্রাত্য - ওমপ্রকাশের বিরুদ্ধে মামলা করল পুলিশ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

হাইকোর্টের বিচারপতি তীর্থঙ্কর ঘোষের নির্দেশে যাদবপুরে আহত পড়ুয়া ইন্দ্রানুজ রায়ের অভিযোগের ভিত্তিতে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুর বিরুদ্ধে খুনের চেষ্টার মামলা রুজু করতে বাধ্য হল পুলিশ। বুধবার এই মামলার শুনানিতে রাজ্যকে তীব্র ভর্ৎসনা করেন বিচারপতি তীর্থঙ্কর ঘোষ। রাজ্য প্রশাসনকে রাজধর্ম স্মরণ করিয়ে

এরপর ৩ পৃষ্ঠায়

# আজ বাজেট অধিবেশনের সেকেন্ড ইনিংস




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

নানা চর্চা হলেও শেষ পর্যন্ত স্বরাষ্ট্র দফতর নিয়ে বাজেট আলোচনা হচ্ছে না বিধানসভায়। সাতটি দফতর ছাড়া বাকি সব বাজেট গিলোটিনে যাবে বলেই খবর। আগামী সোমবার থেকে বিধানসভায় বাজেট অধিবেশনের দ্বিতীয় পর্ব শুরু হবে। কিন্তু, শুক্রবার দুপুর সাড়ে ১২টা নাগাদ বাজেট অধিবেশনের দ্বিতীয় পর্বের আলোচনা কি হবে?সূত্রের খবর, আলোচনা হবে শিক্ষা দফতর (প্রাথমিক, মাধ্যমিক উচ্চ শিক্ষা), স্বাস্থ্য দফতর, বিদ্যুৎ০ দফতর, শ্রম দফতর, পঞ্চায়েত দফতর, পুর ও নগর উন্নয়ন দফতর নিয়ে। শেষ পর্যন্ত সেখানে কী সিদ্ধান্ত নেওয়া হয় এখন সেটাই দেখার।

কয়েকদিন আগে স্পিকার বিমান বন্দ্যোপাধ্যায় বলেছিলেন, স্বরাষ্ট্র দফতর নিয়ে তো বিভিন্ন প্রশ্ন, বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়। মুখ্যমন্ত্রী নিজে বলেন, অন্য দায়িত্বপ্রাপ্তরা বলেন। তবে কী হবে সেটা বিএ বা কার্য উপদেষ্টা কমিটির বৈঠকে ঠিক হবে। তবে আলোচনা না হলেও অসুবিধার কিছু নেই।হলে কতক্ষণ হবে? সূত্রের খবর, সে সব নিয়ে কার্য উপদেষ্টা কমিটির বৈঠক হওয়ার কথা স্পিকারের চেম্বারে।

১০ তারিখ শুরু হয়ে বাজেট অধিবেশন দ্বিতীয় পর্ব শেষ হওয়ার কথা আগামী ১৯ তারিখ। এই কদিনে স্বরাষ্ট্র দফতরে মতো গুরুত্বপূর্ণ দফতর নিয়ে আলোচনা হচ্ছে না বলেই খবর। তা নিয়েই এবার নতুন করে চাপানউতোর শুরু হয়েছে প্রশাসনিক মহলের অন্দরে।






# বিজেপি কর্মীর দাদাগিরি, ব্যাপক মারধর বৃদ্ধ কৃষক দম্পতিকে, ঘটনা গ্রেপ্তার ১, হাসপাতালে গিয়েও হুমকির অভিযোগ মন্ডল সভাপতির বিরুদ্ধে


**সুচিন্ত্য গোস্বামী ,পাত্রসায়ের, বাঁকুড়া**

বাঁকুড়া জেলার পাত্রসায়ের থানার হাট কৃষ্ণনগর সবজি বাজার, সেখানেই খোসালপুরের বৃদ্ধ কৃষক দম্পতি দেবু বাগদী ও লক্ষী বাগদি নিজের জমির উৎপাদিত দ্রব্য প্রতিদিন বিক্রি করতে আসে। গত কাল সকালে সবজি বিক্রি করতে এসেছিল তখন দেবু বাগদী দেখে তার জায়গায় বসে আছে স্থানীয় এক বিজেপি নেতা সুন্দর ঘোষ। অভিযোগ সেখান থেকে তাকে সরে যেতে বললেই ওই বৃদ্ধ কৃষককে গালাগালি দিতে থাকে এবং পরে ব্যাপক মারধর করে সবজি বাজারের মধ্যেই ওই কৃষক দম্পতিকে। পরে সেখান থেকে বেরিয়ে বাড়ির উদ্দেশ্যে আসতে শুরু করলে রাস্তায় পুনরায় ওই বিজেপি নেতা তার চার পাঁচজন সাগরেদকে নিয়ে আবারও মারধর করতে থাকে। ঘটনায় গুরুতর আহত হয় ওই বৃদ্ধ দম্পতি। তড়িঘড়ি তাদের নিয়ে আসা হয় পাত্রসায়ের ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র। ঘটনার পরিপ্রেক্ষিতে পাত্রসায়ের থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করা হয় আহতদের পক্ষ থেকে। অভিযোগ পাওয়ার পরই পাত্রসায়ের থানার পুলিশ ঘটনার মূল অভিযুক্ত সুন্দর ঘোষকে গ্রেফতার করে। আজ সকালে স্থানীয় বিজেপি নেতা তথা সোনামুখী বিধানসভার বিজেপি মণ্ডল চারের সভাপতি অনুপ ঘোষের নেতৃত্বে বেশ কিছু লোকজন নিয়ে হাসপাতালে চড়াও হয়, তাদের ওপর হুমকি দেওয়া হয় কেস তুলে নেওয়ার অন্যথা তাদের পরে দেখে নেওয়ার হুমকি দেয়। আহত দেবু বাগদির অবস্থার অবনতি হলে তাকে রেফার করা হয় বিষ্ণুপুর জেলা হাসপাতালে।

বিজেপি মন্ডল সভাপতি অনুপ ঘোষের দাবি, এটা কোন রাজনৈতিক বিষয় নয়, বাজারের ব্যবসাকে কেন্দ্র করে একটু ঝামেলা। তৃণমূল এটা রং লাগানোর চেষ্টা করছে। সকালে হাসপাতালে আহতকে দেখতে গিয়েছিলেন তিনি এমনটাই দাবি।

তৃণমূলের দাবি এটাই বিজেপির কালচার, ঘটনার তীব্র নিন্দা জানাই, এবং প্রশাসনের উচিত করা হাতে বিষয়টি দেখার এবং অভিযুক্ত সকলকেই গ্রেপ্তার করার।

## প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী উত্তরাখণ্ডের হরসিলে শীতকালীন পর্যটন কর্মসূচিতে ভাষণ দিয়েছেন



**নতুন দিল্লি ৬ মার্চ ২০২৫**

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী উত্তরাখণ্ডের হরসিলে একটি ট্রেক এবং বাইক র্যা লির উদ্বোধন করার পর শীতকালীন পর্যটন কর্মসূচিতে অংশ নিয়েছেন। তিনি মুখওয়ায় মা গঙ্গার শীতকালীন আবাসে পূজা এবং দর্শন সারেন। সমাবেশে ভাষণে তিনি মানাগ্রামে দুঃখজনক ঘটনায় গভীর দুঃখপ্রকাশ করেন এবং দুর্ঘটনায় নিহতদের পরিবারের প্রতি সমবেদনা জানান। তিনি বলেন, সারা দেশের মানুষ এই সংকটের সময় তাঁদের পাশে আছে, যা পীড়িত পরিবারকে প্রবল শক্তি জোগাবে।

এই অঞ্চল জীবনদায়ী মা গঙ্গার শীতকালীন আবাস বলে উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, "দেবভূমি বলে পরিচিত উত্তরাখণ্ড আধ্যাত্মিক শক্তিদ্বারা চালিত এবং চারধাম ও

এরপর ৬ পাতায়

## ঝাড়গ্রামের গোবিন্দপুর গ্রামে আমার গ্রাম কর্মসূচি তে উপস্থিত রাজ্যপাল সি ভি আনন্দ বোস

**অরূপ ঘোষ, ঝাড়গ্রাম**

ঝাড়গ্রামের গোবিন্দপুর গ্রামে আমার গ্রাম কর্মসূচি তে উপস্থিত রাজ্যপাল সি ভি আনন্দ বোস। বৃহস্পতিবার রাজ্যপাল সিভি আনন্দ বোস ঝাড়গ্রাম জেলার ঝাড়গ্রাম ব্লকের পাটাশিমুল অঞ্চলের গোবিন্দপুর গ্রামে সংকল্প সৃষ্টি শিক্ষা নিকেতনের উদ্যোগে আয়োজিত আমার গ্রাম কর্মসূচিতে অংশগ্রহণ করেন। আমার গ্রাম কর্মসূচির অঙ্গ হিসাবে প্রকৃতি পরস্পরা সংস্কৃতি উৎসব অনুষ্ঠানের ও আয়োজন করা হয়।সেই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পশ্চিমবঙ্গের রাজ্যপাল সিভি আনন্দ বোস।রাজ্যপাল সি ভি আনন্দ বোসের ঝাড়গ্রামে সফর ঘিরে সাজ সাজ রব ছিলো গোবিন্দপুর "শিক্ষা নিকেতনে"। অরণ্য সুন্দরী



ঝাড়গ্রাম শহরের আদিবাসী অধ্যুষিত গোবিন্দপুর গ্রামে রয়েছে একটি বেসরকারি এই শিক্ষা প্রতিষ্ঠান। যেখানে নিখরচায় মেলে খুদে শিক্ষার্থীদের পঠনপাঠনের সুযোগ। বৃহস্পতিবার সেই শিক্ষা নিকেতনের কর্মকাণ্ড সরেজমিনে দেখার জন্যেই আসেন রাজ্যের সাংবিধানিক প্রধান রাজ্যপাল সিভি আনন্দ বোস । তাই

রাজ্যপালের সফর ঘিরে প্রত্যাশা বেড়েছে গোবিন্দপুর গ্রামের আদিবাসী সম্পদের মানুষদের মধ্যে । খোদ রাজ্যপাল গোবিন্দপুর গ্রামে আসায় খুশি এলাকার বাসিন্দারা।তাই রাজ্যের সাংবিধানিক প্রধানের কাছেই, যাবতীয় অভাব অভিযোগ তুলে ধরেন এলাকার বাসিন্দারা।

সি ভি আনন্দ বোস, রাজ্যপাল পদে বসার অল্প কিছুদিন পর থেকেই, নানা ইস্যুতে চলছে নবান্ন বনাম রাজভবন সংঘাত। এমনই আবহে, জঙ্গলমহলের আদিবাসী অধ্যুষিত গ্রাম গোবিন্দপুরে বৃহস্পতিবার আসেন খোদ রাজ্যপাল। ভরা বসন্তে পলাশ ও শিমুলে রাঙা গ্রামটিও যেন সেজে গুজে রাজ্যপালের অপেক্ষায় ছিলো। তাই রাজ্যপাল গ্রামে আসার পর উৎসবে মেতে উঠেন গ্রামবাসীরা রাজ্যপাল সিভি আনন্দ বোস বৃহস্পতিবার গোবিন্দপুর গ্রামে আসার পর তাকে আদিবাসী সমাজের

এরপর ৪ পাতায়







(১ম পাতার পর)

# আদালতের চাপে পড়তেই ব্রাত্য - ওমপ্রকাশের বিরুদ্ধে মামলা করল পুলিশ

বিচারপতি বলেন, দেখবেন আমাদের রাজ্যের পরিস্থিতি যেন প্রতিবেশী রাষ্ট্রের মতো হয়ে না যায়।গত রবিবার তৃণমূলের অধ্যাপক সংগঠনের সভায় যোগদান করতে গিয়ে যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ছাত্রবিক্ষোভের মুখে পড়েন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। বিশ্ববিদ্যালয়ে ছাত্র সংসদ নির্বাচন করার দাবিতে তাঁকে ঘিরে বিক্ষোভ দেখাতে থাকেন পড়ুয়ারা। অভিযোগ, তখনই পড়ুয়াদের ধাক্কা দিয়ে গাড়িতে উঠে পড়েন ব্রাত্য। তাদের ওপর দিয়ে গাড়ি চালিয়ে দেন তাঁর গাড়ির চালক। তখনই ব্রাত্যর গাড়ির নীচে চাপা পড়েন ইংরাজি বিভাগের প্রথমবর্ষের ছাত্র ইন্দ্রানুজ রায়।বুধবার যাদবপুর কাণ্ড নিয়ে দায়ের মামলার শুনানিতে আদালতে উঠে আসে যে ছাত্রছাত্রীদের বিরুদ্ধে ৭টি FIRএর ভিত্তিতে মামলা দায়ের হলেও যার গাড়ির নীচে চাপা পড়ে ছাত্র আহত হয়েছে তার বিরুদ্ধে কোনও মামলা দায়ের হয়নি। এর পরই বিচারপতি তীর্থঙ্কর ঘোষ বলেন, রাজ্য প্রশাসনকে নিরপেক্ষ থাকতে হবে। একজনের গাড়ির নীচে চাপা পড়ে এক ছাত্র আহত হল অথচ সেই ছাত্রের অভিযোগের ভিত্তিতে পুলিশ এখনও মামলা করল না কেন? আহত ছাত্র ইন্দ্রানুজ রায় যে অভিযোগপত্র পুলিশকে জমা দিয়েছেন সেটিকেই FIR বলে ধরে নিয়ে আজই মামলা করতে হবে। আদালতের নির্দেশে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু ও উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ওমপ্রকাশ মিশ্রের বিরুদ্ধে খুনের চেষ্টা, শ্লীলতাহানিসহ একাধিক জামিন অযোগ্য ধারায় মামলা করতে বাধ্য হয়েছে পুলিশ। আদালতের নির্দেশ অনুসারে এই অভিযোগের তদন্ত কতদূর এগোল তা আগামী বুধবার আদালতে রিপোর্ট দিয়ে জানাতে হবে পুলিশকে।

# ২০২৫-এর সাহিত্য উৎসব আয়োজন করতে চলেছে সাহিত্য অ্যাকাডেমি

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

কেন্দ্রীয় সংস্কৃতি মন্ত্রকের অধীনস্থ দেশের প্রথম সারির সাহিত্য চর্চার প্রতিষ্ঠান সাহিত্য অ্যাকাডেমি আগামী ৭ মার্চ নতুন দিল্লির রবীন্দ্র ভবনে বার্ষিক সাহিত্য উৎসব আয়োজন করবে। এই উৎসব চলবে ১২ মার্চ পর্যন্ত। কেন্দ্রীয় সংস্কৃতি ও পর্যটন মন্ত্রী শ্রী গজেন্দ্র সিং শেখাওয়াত এর উদ্বোধন করবেন। উৎসব চলার সময় পুরস্কার বিতরণী অনুষ্ঠানে বিশিষ্ট ইংরেজি নাট্যকার শ্রী মহেশ দাত্তানি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। এবছরের বার্ষিক বক্তৃতা দেবেন লেখক শ্রী উপমন্যু চ্যাটার্জী। পুরস্কার বিতরণী অনুষ্ঠানে ২৩টি ভাষায় সাহিত্য চর্চার জন্য অ্যাকাডেমি পুরস্কার প্রদান করা হবে।

এই উৎসবকে এশিয়ার বৃহত্তম সাহিত্য উৎসব হিসেবে বিবেচনা করা হয়। দেশের বিভিন্ন প্রান্তের ৭০০ জন লেখক-লেখিকা এখানে অংশগ্রহণ করবেন। এরা ৫০টিরও বেশি ভাষায় লেখালেখি করেন। উৎসবে ১০০টির বেশি অধিবেশনে লেখক-লেখিকারা বিভিন্ন বিষয়ে মত বিনিময় করবেন। এবারের আয়োজনের মূল ভাবনা ভারতে সাহিত্য চর্চার ইতিহাস। উৎসবের শেষ তিন দিন একটি জাতীয় সেমিনারের আয়োজন করা হয়েছে, যেখানে বিশিষ্ট চিন্তাবিদ এবং লেখকরা অংশগ্রহণ করবেন।

এবারের উৎসবে তরুণ, মহিলা, দলিত, উত্তর-পূর্বাঞ্চলের, আদিবাসী এবং এলজিবিটিকিউ গোষ্ঠীর লেখক ও কবিরা অংশ নেবেন। তাঁদের সঙ্গে যোগ দেবেন অনুবাদক, প্রকাশক এবং সমাজের বিভিন্ন ক্ষেত্রে বিশিষ্টজনেরা। ১৯৮৫ সাল থেকে এই সাহিত্য উৎসবের আয়োজন করা হচ্ছে। এটিকে সাহিত্য জগতের সর্বাঙ্গীন এক উৎসব বলে বিবেচনা করা হয়।

উৎসবের শেষ দিনে শিশুদের নিয়ে একটি আলোচনাচক্রের আয়োজন করা হয়েছে, যেখানে লেখক-লেখিকা, কবি, অনুবাদক, প্রকাশক এবং সমালোচকরা যোগ দেবেন। উৎসবের তিন দিন, সন্ধ্যায় রাকেশ চৌরাসিয়ার মতো বিশিষ্ট শিল্পীরা অংশগ্রহণ করবেন। রাকেশ বাঁশি বাজাবেন। হিন্দুস্তানী কণ্ঠসঙ্গীত শিল্পী নলিনী যোশী, দাস্তান-ই-মহাভারত খ্যাত ঋতেশ যাদব সহ শিল্পীরা শ্রোতা-দর্শকদের মনোরঞ্জনের জন্য নানা সাংস্কৃতিক অনুষ্ঠানে যোগ দেবেন। এই সাহিত্য উৎসব, সাহিত্যপ্রেমী প্রতিটি মানুষের জন্য এক মুক্ত মঞ্চ। যাঁরা দীর্ঘদিন দেশের সাহিত্য উৎসবে অংশগ্রহণ করেননি, তাঁরা এখানে ভারতের সাহিত্য চর্চা সম্পর্কে ধারণা পাবেন।

# ডিজিটাল গণপরিকাঠামো, এআই, সেমিকন্ডাক্টর এবং ইলেক্ট্রনিক্স উৎপাদনের উপর জোর দিয়ে ভারত নিজের ডিজিটাল ভবিষ্যৎ গঠন করছে: প্রধানমন্ত্রী

**নয়াদিল্লি, ০৬ মার্চ, ২০২৫**

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী বলেছেন যে, ভারত ডিজিটাল গণপরিকাঠামো, এআই, সেমিকন্ডাক্টর এবং ইলেক্ট্রনিক্স উৎপাদনের উপর জোর দিয়ে নিজের ডিজিটাল ভবিষ্যৎ গঠন করছে। কেন্দ্রীয় মন্ত্রী শ্রী অশ্বিনী বৈষ্ণবের লেখা একটি নিবন্ধ পড়ার জন্য সকলের প্রতি আহ্বান জানিয়ে প্রধানমন্ত্রীর দপ্তর থেকে এক্স বার্তায় এক পোস্টে বলা হয়েছে, "কেন্দ্রীয় মন্ত্রী শ্রী @AshwiniVaishnaw ডিজিটাল গণপরিকাঠামো (ডিপিআই), এআই, সেমিকন্ডাক্টর এবং ইলেক্ট্রনিক্স উৎপাদনের উপর জোর দিয়ে ভারত কিভাবে নিজের ডিজিটাল ভবিষ্যৎ গঠন করছে, তা বিস্তারিতভাবে বর্ণনা করছেন।

# রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মু আন্তর্জাতিক নারী দিবস উদযাপন অনুষ্ঠানে নেতৃত্ব দেবেন

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

ভারত সরকার ৮ মার্চ ২০২৫ আন্তর্জাতিক নারী দিবস পালন করবে। নারী ও শিশু কল্যাণ মন্ত্রক ওই দিন নতুন দিল্লির বিজ্ঞান ভবনে "নারী শক্তি সে বিকশিত ভারত" শীর্ষক জাতীয় আলোচনা চক্রের আয়োজন করছে। রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মু জাতীয় সম্মেলনের উদ্বোধন করবেন। উপস্থিত থাকবেন নারী ও শিশু কল্যাণ মন্ত্রী শ্রীমতী অন্নপূর্ণা দেবী, প্রতিমন্ত্রী শ্রীমতী সাবিত্রী ঠাকুর, শীর্ষ আধিকারিক এবং বিশিষ্ট অতিথিগণ। এই উপলক্ষে #SheBuildsBharat-এর মাধ্যমে একটি বড় প্রচারাভিযানেরও আয়োজন করা হয়েছে।

সশস্ত্র বাহিনী, আধা সামরিক বাহিনী, দিল্লি পুলিশের মহিলা আধিকারিদের পাশাপাশি মাই ভারত স্বেচ্ছাসেবী, অঙ্গণওয়াড়ি কর্মী, আশাকর্মী, স্বনির্ভর গোষ্ঠী ইত্যাদির সদস্যরা অনুষ্ঠানে যোগ দেবেন। এছাড়াও বিভিন্ন মন্ত্রক ও দফতরের মহিলা আধিকারিকদের অনুষ্ঠানে যোগ দিতে আমন্ত্রণ জানানো হয়েছে। অনুষ্ঠানে বিশ্বব্যাঙ্ক, ইউনিসেফ, ইউএনউইমেন, ইউএনডিপি, ইউএনএফপিএ ইত্যাদির মতো আন্তর্জাতিক প্রতিষ্ঠানের প্রতিনিধিরাও উপস্থিত থাকবেন।

উদ্বোধনী অনুষ্ঠানের পর ওইদিন মূল্যবাণ উচ্চস্তরের আলোচনাচক্র অনুষ্ঠিত হবে। এর পাশাপাশি বাণিজ্য, ক্রীড়া, সংবাদমাধ্যম এবং প্রশাসনের বিশিষ্ট মহিলাদের নিয়ে তিনটি বিষয় ভিত্তিক আলোচনাচক্র হবে। একটি অভিনব ডিজিটাল মিডিয়া এবং আলাপচারিতার জন্য নির্দিষ্ট জায়গায় প্রগতিশীল ভারত গঠনে মহিলাদের অবদান নিয়ে নানা ধরনের অনুষ্ঠান হবে।

গোটা অনুষ্ঠানটি দূরদর্শন, ওয়েবকাস্ট লিঙ্ক, নারী ও শিশু কল্যাণ মন্ত্রকের সামাজিক মাধ্যম এবং বিশ্বব্যাঙ্ক লাইভ-এ সরাসরি সম্প্রচার হবে বহুল প্রচারের জন্য।

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর দূরদর্শী নেতৃত্বে ভারত সরকার রূপান্তরকারী নীতি এবং উদ্যোগের মাধ্যমে মহিলাদের ক্ষমতায়নের লক্ষ্যে একনিষ্ঠ। যত ভারত উন্নয়নের পথে এগোবে, ততই আত্মনির্ভর এবং সমৃদ্ধ ভারতের ভিত্তি হয়ে উঠবে নারী শক্তি।

## সম্পাদকীয়

### মাত্র দু'সপ্তাহ সময়! রাজ্যপাল-মুখ্যমন্ত্রীর মামলায় 'ডেডলাইন' বেঁধে দিল হাইকোর্ট! জোর শোরগোল

রাজ্যের মুখ্যমন্ত্রীর মমতা বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে মামলা করেছিলেন রাজ্যপাল সিভি আনন্দ বোস । মমতা সহ চারজনের বিরুদ্ধে মামলা করা হয়। বৃহস্পতিবার সেই মামলার শুনানিতেই তাৎপর্যপূর্ণ পর্যবেক্ষণ কলকাতা হাইকোর্টের ।একথা শুনে বিচারপতি রাও বলেন, 'আজ মৌখিক বলেছি। পরে নির্দেশ দেওয়া যাবে'। এদিকে এই মামলায় হলফনামা দাখিল করতে চেয়ে সময় চান রাজ্যপাল সিভি আনন্দ বোসের আইনজীবী ধীরজ ত্রিবেদী। বিরোধী পক্ষের উকিল বলেন, 'এটাই শেষ সময় দেওয়া হোক'।

তার প্রেক্ষিতে বিচারপতি রাও স্পষ্ট বলেন, 'দু'সপ্তাহ সময় দেওয়া হল। আগামী ৯ এপ্রিল শুনানি। এটা মিটিয়ে ফেলা হোক'। এদিন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের আইনজীবী কল্যাণ আদালতে বলেন, 'রাজনৈতিক ব্যক্তিত্বকে আরও সহনশীল হতে হবে'। সেকথা শুনে রাজ্যপালের আইনজীবী পাল্টা বলেন, 'আমার মক্কেল একদম রাজনৈতিক ব্যক্তিত্ব নন'।

যার প্রেক্ষিতে কল্যাণ আবার বলেন, 'আপনি রাজনৈতিক ব্যক্তি বলেই এই অ্যাসাইনমেন্ট পেয়েছেন'। হাইকোর্টের বিচারপতি এদিন প্রশ্ন করেন, 'আপনি সময় চাইছেন। এই ব্যাপারটা নিয়ে আপনি কি সিরিয়াস? রাজ্যপালের মামলা করার কী দরকার?' মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের আইনজীবী কল্যাণ বলেন, 'এমনিই রাজ্যপাল রক্ষাকবচ পান। এই ধরণের রাজ্যপালের কথা ভাবতে পারলে সংবিধান রচয়িতারা এমন আইন বানাতেন না'।এদিন বিচারপতি কৃষ্ণা রাওয়ের বেঞ্চে রাজ্যপাল-মুখ্যমন্ত্রীর মামলার শুনানি ছিল। তাতে জাস্টিস রাওয়ের পর্যবেক্ষণ, রাজ্য ও রাজ্যপাল আদালতে লড়ছে এটা কারোর জন্যই ভালো নয়।

গত বছর লোকসভা ভোটের পাশাপাশি রাজ্যের বেশ কয়েকটি বিধানসভা কেন্দ্রে উপনির্বাচন হয়েছিল। এর মধ্যে বরাহনগর এবং ভগবানগোলায় জয়ী হয়েছিলেন যথাক্রমে তৃণমূলের সায়ন্তিকা বন্দ্যোপাধ্যায় ও রেয়াত হোসেন। যদিও তাঁদের শপথগ্রহণ ঘিরে জটিলতা দেখা যায়। পরবর্তীতে সেই জল গড়ায় কলকাতা হাইকোর্ট অবধি। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়, তৃণমূল নেতা কুণাল ঘোষ, বিধায়ক সায়ন্তিকা বন্দ্যোপাধ্যায় সহ চারজনের বিরুদ্ধে মামলা করেন রাজ্যপাল।

বৃহস্পতিবার হাইকোর্টের বিচারপতি কৃষ্ণা রাওয়ের বেঞ্চে এই মামলার শুনানি ছিল। সেই সময় মুখ্যমন্ত্রীর আইনজীবী গোপাল মুখোপাধ্যায় বলেন, 'আদালত দু'পক্ষকে বসে মিটিয়ে নিতে বলছে, সেটা আজকের নির্দেশে উল্লেখ করা হোক। আমাদের আপত্তি নেই'। মমতার আরেক আইনজীবী কল্যাণ বন্দ্যোপাধ্যায় বলেন, 'একটা চায়ে পে চর্চায় অসুবিধা নেই'।

# মায়ের আশীর্বাদ অসীম



মৃত্যুঞ্জয় সরদার
(চোদ্দতম পর্ব)



বিষজ্বালা দূর হল। সেই থেকে দেবীর নাম হল তারিণী। তিনি শিবকে তারণ করেছেন। এই বিশ্বকেও তিনি তারণ করেন। সেই তারিণী থেকেই তারা নামের সৃষ্টি। সেই কারণে বিখ্যাত বীরভূমের এই পিঠস্থান তার নাম হয়েছে তারাপীঠ।তারাপীঠের মন্দিরের দু'শো বছর পূর্ণ হল। সুতরাং দেখা যাচ্ছে, কথাটা আংশিক সত্য। কেননা তারাপীঠের মন্দিরের ইতিহাসকে দুশো বছরের মধ্যে আটকানো যায় না। তার ইতিহাস প্রাচীন, আবছায়া, অস্পষ্ট এক অতীতের মধ্যে মিশে আছে। একদিকে পুরাণ আর একদিকে ইতিহাস। একদিকে

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

(২ পাতার পর)

## ঝাড়গ্রামের গোবিন্দপুর গ্রামে আমার গ্রাম কর্মসূচি তে উপস্থিত রাজ্যপাল সি ভি আনন্দ বোস

রীতি-নীতি মেনে বরণ করে নেওয়া হয়। রাজ্যপাল সিভি আনন্দ বোস ওই অনুষ্ঠানে অংশগ্রহণ করার পর ওই বেসরকারি বিদ্যালয়ের উদ্যোগে তৈরি নবনির্মিত একটি গোশালার আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এর পর রাজ্যপাল সিভি আনন্দ বোস বলেন জনজাতি সম্প্রদায়ের অবদান দেশকে সমৃদ্ধ করেছে,আগামী দিনেও করবে। রাজ্যপাল বলেন আমি অতিথি নই আপনাদের লোক আপনাদের সাথে কথা বলার জন্য এবং রাজভবনে যাওয়ার জন্য আমন্ত্রণ জানাতে এসেছি। রাজভবনে জনজাতি বিষয়ক একটি সেল খোলা হয়েছে। সেখানে যেকোনো সমস্যার জন্য আপনারা যেতে পারেন। আপনাদের সমস্যাগুলি সমাধান্যে জন্য বিবেচনা করা হবে। দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জনজাতি মানুষের জন্য শুভেচ্ছা বার্তা পাঠিয়েছেন। জনজাতি সম্প্রদায়ের মানুষ অনেক ক্ষেত্রেই প্রথম। ভারতের রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু একজন জনজাতি সম্প্রদায়ের মানুষ। তাই ভারতের রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর নেতৃত্বে দেশ এগিয়ে চলেছে। সেই সঙ্গে তিনি ওই এলাকার গ্রামবাসীদের সাথে কথা বলেন,গ্রামবাসীরা তাদের অভাব অভিযোগের কথা রাজ্যপাল কে জানান। রাজ্যপাল তাদের অভাব অভিযোগগুলি খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার আশ্বাস দেন।

## ন্যায় কর্মফলদাতা শনিদেব



-: মৃত্যুঞ্জয় সরদার :-

আমার অনেকেই জানি যত মত তত পথ' । আজকাল নানা স্থানে এই মতবাদ নিয়ে সমালোচনা দেখতে পাই। তাই দু'চার কথা আমারও বলার ইচ্ছে হল। 'যত মত তত পথ' দিয়ে শ্রীরামকৃষ্ণদেব বুঝিয়েছেন জগতের সব ধর্মমতগুলো সত্য। কি কারণে সত্য? **ক্রমশঃ**


## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# বক্সীর নেতৃত্বাধীন প্রথম বৈঠকে নেই অভিষেক বন্দ্যোপাধ্যায়

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**



ভূতুড়ে ভোটার' ধরতে কোর কমিটি গড়ে দিয়েছিলেন তৃণমূল সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায়। নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে অনুষ্ঠিত হওয়া সেই মেগা বৈঠকের মঞ্চে মমতার পাশেই বসেছিলেন দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। তৃণমূলের রাজ্য সভাপতি সুব্রত বক্সীর নেতৃত্বে সেই কমিটি গঠন করা হলেও, দ্বিতীয় নাম ছিল অভিষেকের।

মূলত ভোটার লিস্ট পরিষ্কার করার জন্য এই কমিটি গঠন করে দিয়েছিলেন মমতা। ৩৬ জনের ওই কমিটি গঠন করে দেওয়া হয়। বৃহস্পতিবার ছিল সেই কমিটির প্রথম বৈঠক। সেখানে অভিষেক ছাড়াও অনুপস্থিত ছিলেন ডেরেক ও'ব্রায়েন। বৈঠক শেষ হওয়ার পর দেখা যায়, চিরকুট হাতে আর একটি বৈঠকের কথা ঘোষণা করছেন সুব্রত বক্সী। তিনিই জানান, আগামী ১৫ মার্চ দলের জেলা নেতৃত্বকে নিয়ে বৈঠকে বসবেন অভিষেক। বক্সীর বৈঠক হওয়া সত্ত্বেও অভিষেকের পৃথক বৈঠক করার প্রয়োজন পড়ল কেন, তা নিয়ে প্রশ্ন উঠেছে। ১৫ মার্চের ওই বৈঠকে সব নেতারা উপস্থিত থাকবেন কি না, সেদিকেই থাকছে নজর।

আর সেই কমিটির প্রথম বৈঠকেই দেখা মিলল না অভিষেকের। শুধু তাই নয়, পৃথক বৈঠকেরও ডাক দিয়েছেন অভিষেক বন্দ্যোপাধ্যায়।

সাম্প্রতিককালে বারবার রাজ্যের রাজনৈতিক মহলের চর্চায় উঠে এসেছে তৃণমূলের অন্দরের সমীকরণ। দলের শীর্ষ নেতৃত্ব তথা সুপ্রিমোর সঙ্গে কি অভিষেকের দূরত্ব বাড়ছে? এই প্রশ্ন ঘুরেফিরে সামনে এসেছে। তবে নেতাজি ইন্ডোরের বৈঠকে অভিষেক স্পষ্ট বলেছেন, 'আমার গলা কেটে দিলেও মমতা বন্দ্যোপাধ্যায়ের নাম বেরবে।' কোনও দূরত্ব যে নেই, সেটাই কার্যত বুঝিয়ে দেন অভিষেক। তারপরও বৃহস্পতিবারের বৈঠকে বাড়ল জল্পনা।

## কার্টেন রেজার; আইএনএস চিলকায় অগ্নিবীরদের পঞ্চম ব্যাচের পাসিং আউট প্যারেড

**নতুন দিল্লি ৬ মার্চ ২০২৫**

অগ্নিবীরদের পঞ্চম ব্যাচের পাসিং আউট প্যারেড হবে ৭ মার্চ ২০২৫ আইএনএস চিলকায়। এই প্যাসিং আউট প্যারেড প্রায় ২,৯৭২ জন পুরুষ ও মহিলা অগ্নিবীরদের চিলকায় কঠোর পরিশ্রমসাধ্য প্রশিক্ষণের সফল সমাপ্তি। সাদার্ন নাভাল কম্যান্ডের ফ্ল্যাগ অফিসার কম্যান্ডিং ইন চিফ ভাইস অ্যাডমিরাল ভি শ্রীনিবাস প্রধান অতিথি হবেন এবং সূর্যাস্তের পরে প্যাসিং আউট প্যারেড পরিদর্শন করবেন। এই উল্লেখযোগ্য মুহূর্তটির সাক্ষী থাকবেন নতুন অগ্নিবীরদের গর্বিত পরিবার। এর পাশাপাশি বিশিষ্ট প্রাক্তনী এবং ক্রীড়াব্যক্তিত্বরা উপস্থিত থাকবেন। অগ্নিবীরদের উৎসাহিত করবেন তাঁদের জীবন কাহিনী শুনিয়ে।

সাদার্ন নাভাল কম্যান্ডের ফ্ল্যাগ অফিসার কম্যান্ডিং ইন চিফ সমাপ্তি অনুষ্ঠানেও যোগ দেবেন এবং বিভিন্ন শিক্ষার্থী ও ডিভিশনকে পুরস্কার ও ট্রফি দেবেন। শিক্ষার্থীদের দ্বিভাষিক পত্রিকা 'অঙ্কুর' –এর প্রকাশ করবেন। পাসিং আউট প্যারেড শুধুমাত্র ১৬ সপ্তাহের সফল প্রশিক্ষণের সমাপ্তি নয়, সেইসঙ্গে সদা তৎপর ভারতীয় নৌবাহিনীতে ঢোকারও ছাড়পত্র। এই পাসিং আউট প্যারেডের লাইভ স্ট্রিমিং হবে নৌবাহিনীর ইউটিউব চ্যানেল, ফেসবুক এবং আঞ্চলিক দূরদর্শন নেটওয়ার্কে ৭ মার্চ ২০২৫ বিকেল সাড়ে ৫-টায়।

### আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Randhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

### রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্তা মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |



(২ পাতার পর)

# প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী উত্তরাখণ্ডের হরসিলে শীতকালীন পর্যটন কর্মসূচিতে ভাষণ দিয়েছেন

অসংখ্য পবিত্র মন্দিরের আশীর্বাদধন্য"। এখানে আসার সুযোগ পেয়ে এখানকার মানুষ এবং তাদের পরিবারের সঙ্গে দেখা করতে পেরে কৃতজ্ঞতা প্রকাশ করেন তিনি জানান এটা আশীর্বাদ। তিনি বলেন, মা গঙ্গার আশীর্বাদে তিনি কয়েক দশক ধরে উত্তরাখণ্ডে সেবা করার সুযোগ পেয়েছেন। শ্রী মোদী বলেন, "মা গঙ্গার আশীর্বাদ আমাকে কাশীর পথ দেখিয়েছে, যেখানে আমি বর্তমানে সাংসদ হিসেবে সেবা করছি"। প্রধানমন্ত্রী সন্তানের জন্য মা গঙ্গার স্নেহ এবং ভালোবাসার উল্লেখ করেন, যা তাঁকে মুখওয়া গ্রামে গঙ্গার মায়ের বাড়িতে এনেছে এবং মুখীমঠ-মুখওয়ায় দর্শন এবং পূজা করার সম্মান পেয়েছেন। হরসিলে তাঁর সফরের বিষয়ে স্থানীয় মহিলাদের যাদের তিনি উল্লেখ করেন, "দিদি-ভুলিয়া" বলে তাদের কাছ থেকে স্নেহ পাওয়ার উল্লেখ করেন। শ্রী মোদী তাঁকে হরসিলের রাজমা এবং স্থানীয় পণ্য পাঠানোর পিছনে গভীর ভাবনা চিন্তার উল্লেখ করেন। তাদের আন্তরিকতা, যোগাযোগ এবং উপহারের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন।

বাবা কেদারনাথ সফরের কথা বলেন প্রধানমন্ত্রী। যেখানে তিনি বলেছিলেন, "এই দশক উত্তরাখণ্ডের দশক হতে চলেছে"। তিনি বলেন যে, এই কথার পিছনে শক্তি এসেছে বাবা কেদারনাথের থেকেই। বাবা কেদারনাথের আশীর্বাদে এই দর্শন ক্রমে বাস্তব হয়ে উঠছে। উত্তরাখণ্ডের অগ্রগতির নতুন রাস্তা খুলছে, যে কারণে রাজ্য গঠন হয়েছিল সেই প্রত্যাশা পূরণ হয়েছে জানিয়ে শ্রী মোদী বলেন, উত্তরাখণ্ডের উন্নতির জন্য করা প্রতিশ্রুতি পূরণ হচ্ছে লাগাতার সাফল্য এবং নতুন নতুন মাইল ফলকের মাধ্যমে। তিনি আরও বলেন, "শীতকালীন পর্যটন এই লক্ষ্যে একটি বড় পদক্ষেপ। উত্তরাখণ্ডের অর্থনৈতিক সম্ভাবনাকে সাকার করতে সাহায্য করছে"। এই উদ্ভাবনী প্রয়াসের জন্য উত্তরাখণ্ড সরকারকে অভিনন্দন জানিয়ে রাজ্যের উন্নতির জন্য শুভেচ্ছা জানান প্রধানমন্ত্রী।

প্রধানমন্ত্রী বলেন, "পর্যটনে বৈচিত্র ঘটানো এবং বছরভর নানা কার্যকলাপ অত্যন্ত গুরুত্বপূর্ণ উত্তরাখণ্ডের জন্য"। তিনি বলেন, উত্তরাখণ্ডে কোনো অফ সিজন যেন না থাকে। সব মরশুমেই যেন পর্যটন চলে। তিনি বলেন, বর্তমানে পাহাড়ে পর্যটন মরশুম কেন্দ্রিক। মার্চ, এপ্রিল, মে এবং জুনে পর্যটকদের সংখ্যা উল্লেখযোগ্যভাবে বাড়ে। তারপরে, পর্যটকদের সংখ্যা অত্যন্ত কমে যায়। ফলে শীতকালে, হোটেল, রিসর্ট এবং হোমস্টেগুলি খালি পড়ে থাকে। তিনি বলেন, এই ভারসাম্যহীনতা উত্তরাখণ্ডে বছরের একটি বড় সময় অর্থনৈতিক স্থবিরতা তৈরি করে এবং পরিবেশেও সংকট তৈরি করে।

শ্রী মোদী বলেন, "শীতকালে উত্তরাখণ্ডে বেড়ালে দেবভূমির দেবমাহাত্ম্যের প্রকৃত পরিচয় পাওয়া যায়"। এই সূত্রে তিনি ট্রেকিং এবং স্কিইং-এর মতো রোমাঞ্চকর কার্যকলাপের উল্লেখ করেন, যা শীতকালীন পর্যটনে পাওয়া যায় এই অঞ্চলে। তিনি বলেন, উত্তরাখণ্ডে শীতকালে তীর্থযাত্রার বিশেষ তাৎপর্য আছে। কারণ এই সময়ে অনেক পবিত্র স্থানেই অভিনব ধরনের আচার পালন করা হয়। এলাকার প্রাচীন এবং মনে রাখার মতো রীতির অঙ্গ মুখওয়া গ্রামের ধর্মীয় আচার যার উল্লেখ করেন তিনি। প্রধানমন্ত্রী বলেন, উত্তরাখণ্ড সরকারের বছরভর পর্যটনের ভাবনা মানুষকে স্বর্গীয় অভিজ্ঞতার সুযোগ দেবে। তিনি বিশেষ করে বলেন, এই উদ্যোগে বছরভর কর্মসংস্থানের সুযোগ মিলবে। স্থানীয় মানুষ এবং যুব সম্প্রদায় উপকৃত হবে।

প্রধানমন্ত্রী বলেন, "কেন্দ্র এবং রাজ্যে আমাদের সরকার উত্তরাখণ্ডকে উন্নত রাজ্য হিসেবে তৈরি করতে একসঙ্গে কাজ করবে।" চারধামে সব মরশুমের উপযোগী রাস্তা, আধুনিক এক্সপ্রেসওয়ে, রেল, বিমান, হেলিকপ্টার পরিষেবার সম্প্রসারণ সহ গত দশকে উল্লেখযোগ্য অগ্রগতি ঘটেছে। তিনি আরও বলেন, কেন্দ্রীয় মন্ত্রিসভা সম্প্রতি কেদারনাথ এবং হেমকুণ্ড রোপওয়ে প্রকল্প অনুমোদন করেছে। তিনি বলেন, কেদারনাথ রোপওয়ে ৮-৯ ঘন্টা থেকে যাত্রার সময় কমিয়ে প্রায় ৩০ মিনিট করবে। বৃদ্ধ এবং শিশুদের জন্য বিশেষ করে সুবিধা হবে। শ্রী মোদী বলেন, কয়েক হাজার কোটি টাকা লগ্নি করা হবে এই রোপওয়ে প্রকল্পে। এই রূপান্তরকারী উদ্যোগের জন্য উত্তরাখণ্ড এবং সমগ্র দেশকে অভিনন্দন জানান তিনি।

পাহাড়ে কাঠের বাড়ি, কনভেনশন সেন্টার, হেলিপ্যাড পরিকাঠামো আলোকপাত করে শ্রী মোদী বলেন, "পর্যটন পরিকাঠামো নতুন করে তৈরি হচ্ছে টিমার সাঁই মহাদেব, মানাগ্রাম এবং জাদুং গ্রামের মতো এলাকায়"। তিনি আরও বলেন, ১৯৬২-তে মানা এবং জাদুং-এর শূন্য হয়ে যাওয়া গ্রামগুলির পুনরুদ্ধার করতে সরকার কাজ করেছে। ফলে, উত্তরাখণ্ডে এক দশকে পর্যটকদের সংখ্যা উল্লেখযোগ্যভাবে বেড়েছে। তিনি বলেন, ২০১৪-র আগে বছরে ১৮ লক্ষ তীর্থযাত্রী চারধাম যাত্রা করত, যা এখন বেড়ে হয়েছে ৫০ লক্ষ। প্রধানমন্ত্রী ঘোষণা করেন, এবছরের বাজেটে ৫০টি পর্যটন স্থলের উন্নয়নের সংস্থান রাখা হয়েছে। হোটেল পরিকাঠামো গড়ে তোলা হচ্ছে। এরফলে, পর্যটকদের সুযোগ সুবিধা বাড়বে। স্থানীয় মানুষের কর্মসংস্থানের সুযোগ হবে।

উত্তরাখণ্ডের সীমান্ত এলাগুলি যাতে পর্যটনের সুযোগ পায়, তারজন্য প্রধানমন্ত্রী বলেন, "যে সমস্ত গ্রামকে আগে শেষ গ্রাম বলে অভিহিত করা হত, সেগুলিকেই এখন দেশের প্রথম গ্রাম বলে ডাকা হচ্ছে"। এগুলির উন্নয়নে ভাইব্র্যান্ট ভিলেজ প্রোগ্রামের সূচনার কথা বলেন তিনি, যাতে ওই অঞ্চলের ১০টি গ্রাম অন্তর্ভুক্ত হয়েছে। তিনি জানান, নেলং, জাদুং গ্রামগুলি আবার সাজিয়ে তোলা হচ্ছে। এরআগে, জাদুং থেকে একটি বাইক র্যা লির সূচনা করার কথা বলেন তিনি। তিনি আরও ঘোষণা করেন, যারা হোমস্টে চালায় তারাও মুদ্রা যোজনায় সুবিধা পাবে। রাজ্যের হোমস্টের প্রসার ঘটানোতে জোর দেওয়ায় উত্তরাখণ্ড সরকারের প্রশংসা করেন তিনি। তিনি বলেন, দশকের পর দশক যেসব গ্রামে পরিকাঠামো বলে কিছু ছিল না, সেখানে এখন নতুন হোমস্টে তৈরি হচ্ছে, যা পর্যটন বাড়াচ্ছে এবং স্থানীয় মানুষের উপার্জনের বৃদ্ধি ঘটাচ্ছে।

দেশের সকল প্রান্তের মানুষ বিশেষ করে যুবাদের বিশেষ আবেদন জানিয়ে শ্রী মোদী বলেন, শীতকালে দেশের বেশিরভাগ অংশ কুয়াশায় ঢাকা থাকা। কিন্তু, পাহাড় তখন সূর্যালোকে ভাসে। তাকে একটি বিশেষ ঘটনা বলা যায়। গাড়ওয়ালিতে 'ঘাম টাপো টুরিজম' ধারণার উল্লেখ করেন। সারা দেশের মানুষকে শীতকালে উত্তরাখণ্ডে আসতে উৎসাহিত করেন। বিশেষ করে কর্পোরেট জগতকে সভা, সমিতি, প্রদর্শনীর মাধ্যমে শীতকালীন পর্যটনে অংশ নেওয়ার আবেদন জানান। প্রধানমন্ত্রী বলেন, যোগা এবং আয়ুর্বেদ পর্যটকদের নতুন করে প্রাণশক্তিতে চঞ্চল হওয়ার সুযোগ দেবে। তিনি বিশ্ববিদ্যালয়, বেসরকারি বিদ্যালয় এবং কলেজগুলিকে ছাত্রদের শীতকালীন ভ্রমণের গন্তব্য হিসেবে উত্তরাখণ্ডকে বেছে নেওয়ার আবেদন জানান।

বিবাহ অর্থনীতি যা কয়েক হাজার কোটি টাকার সেই প্রসঙ্গে প্রধানমন্ত্রী দেশের মানুষকে 'ওয়েড ইন ইন্ডিয়া' অনুসরণ করে শীতকালীন বিবাহের স্থান হিসেবে উত্তরাখণ্ডকে বেছে নেওয়ার আহ্বান জানান। উত্তরাখণ্ড সবচেয়ে বেশি চলচ্চিত্র বান্ধব রাজ্য বলে উল্লেখ করে ভারতীয় চলচ্চিত্র শিল্পের কাছ থেকে আরও বেশি প্রত্যাশার কথা জানান প্রদানমন্ত্রী। শীতকালে যাতে শুটিং করা যায়, তারজন্য দ্রুত আধুনিক সব ব্যবস্থা গড়ে তোলার ওপর জোর দেন প্রধানমন্ত্রী।

অনেক দেশে শীতকালীন পর্যটনের জনপ্রিয়তার উল্লেখ করে শ্রী মোদী বলেন, উত্তরাখণ্ড সেখান থেকে অভিজ্ঞতা নিয়ে নিজেদের শীতকালীন পর্যটন শুরু করতে পারে। উত্তরাখণ্ডের হোটেল, রিসর্ট সহ পর্যটনের সব ক্ষেত্রকে ওইসব দেশগুলির মডেল অনুসরণ করার পরামর্শ দেন প্রধানমন্ত্রী। স্থানীয় প্রথা, সঙ্গীত, নৃত্য এবং রন্ধনশৈলীর প্রসারের ওপর জোর দেন তিনি। প্রধানমন্ত্রী বলেন, উত্তরাখণ্ডের উষ্ণ প্রস্রবণগুলিকে ওয়েলনেস স্পা এবং তুষারাচ্ছাদিত শান্ত জায়গাগুলিকে যোগাশনের স্থান হিসেবে গড়ে তোলার পরামর্শ দেন তিনি। যোগা গুরুদের উত্তরাখণ্ডে বছরে একবার যোগ শিবিরের আয়োজন করতে বলেন। তিনি শীতকালে বন্যপ্রাণ সাফারির আয়োজন করার পরামর্শ দেন। তিনি পুরোপুরি ৩৬০ ডিগ্রি মনোভাব নিয়ে প্রতিটি স্তরে কাজ করার ওপর জোর দেন।

প্রধানমন্ত্রী বলেন, সুযোগ সুবিধা বৃদ্ধির পাশাপাশি সচেতনতার বার্তা দেওয়াও সমান গুরুত্বপূর্ণ। দেশের তরুণ কনটেন্ট নির্মাতাদের উত্তরাখণ্ডে শীতকালীন পর্যটনের প্রসারে গুরুত্বপূর্ণ ভূমিকা নেওয়ার আবেদন জানান। নতুন নতুন গন্তব্য খুঁজে বের করে তার অভিজ্ঞতা মানুষের কাছে পৌঁছে দেওয়ার কথা বলেন প্রধানমন্ত্রী। তিনি রাজ্য সরকারকে শর্ট ফিল্মের প্রতিযোগিতার আয়োজন করতে বলেন। প্রধানমন্ত্রীর আশা আগামীদিনে দ্রুত উন্নতি হবে এবং বছরভর পর্যটনের জন্য অভিনন্দন জানান।

অনুষ্ঠানে উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী শ্রী পুষ্কর সিং ধামি, কেন্দ্রীয় সড়ক পরিবহন প্রতিমন্ত্রী শ্রী অজয় টামটা সহ অন্য বিশিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন ।

# সিনেমার খবর

## বিয়ে করতে কেমন পুরুষ চান, জানালেন সুস্মিতা



সুস্মিতা সেন

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

বলিউড অভিনেত্রী সুস্মিতা সেন। বর্তমানে তার বয়স পঞ্চাশ ছুঁইছুঁই। এখনও বিয়ে করেননি। তবে এবার জানালেন বিয়ে করতে কেমন পুরুষ চান তিনি।

মাত্র ১৮ বছর বয়সেই খ্যাতির চূড়ায় ওঠেন সুস্মিতা। সেই খ্যাতির ছটা শুধু দেশেই সীমাবদ্ধ নয়, সীমানা পেরিয়ে তার জনপ্রিয়তা বিশ্বব্যাপী। কেননা, তিনি তো প্রাক্তন মিস ইউনিভার্স। তার ব্যক্তিত্বের জন্য যতটা আলোচিত হয়েছেন, ততটাই চর্চিত হয়েছেন ব্যক্তিগত জীবনের জন্যও।

তার প্রেমজীবন নিয়ে চর্চার অন্ত নেই। তবু কোনওদিনই সম্পর্ক নিয়ে গোপনীয়তায় বিশ্বাসী নন অভিনেত্রী। কখনও রণদীপ হুদা, কখনও মুম্বাইয়ের রেস্তরাঁর মালিক হৃতিক ভাসিন, কখনও পরিচালক বিক্রম ভাট, আবার কখনও ললিত মোদী, বয়সে অনেক ছোট রোহমান শলের সঙ্গে নাম জড়িয়েছে তার। তবুও ঘর বাঁধা হয়নি।

যদিও সুস্মিতা ছকভাঙা। বিয়ে করেননি কিন্তু দুই সন্তানের মা। অল্প বয়সে দুই কন্যা দত্তক নিয়েছেন। যদিও গত বছর থেকে সুস্মিতার সঙ্গে সর্বত্রই দেখা যাচ্ছে প্রাক্তন প্রেমিক রোহমান শলকে। তবে কি ফের তারা সম্পর্কে জড়িয়েছেন? ভবিষ্যতে কি বিয়ে করবেন সুস্মিতা?

আসলে বিয়ের জন্য কোনও ধরাবাঁধা বয়সের গণ্ডিতে নিজেকে আটকে রাখতে নারাজ সুস্মিতা। যদিও বিয়ে করার ইচ্ছে রয়েছে তার। সুস্মিতা সম্প্রতি এক সাক্ষাৎকারে বলেন, “আমি বিয়ে করতে চাই। কিন্তু এমন একটা মানুষকে পেতেও হবে তো। আসলে বিয়ে তো মনের বন্ধন। কাউকে দেখে সেই অনুভূতিটাও আসতে হবে তাই না? যেদিন এমন কোনও পুরুষ জীবনে আসবে, যাকে দেখে মনে হবে একেই বিয়ে করা যায়, সেদিন করব কিংবা আমার যে চাহিদার তালিকা রয়েছে সেগুলো মিলে গেলেই বিয়ে করে নেব। তার আগে এই বেশ ভাল আছি।”

## পাঠান টু’র চিত্রনাট্য মন জয় করেছে শাহরুখের

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

টানা ফ্লপের পর শাহরুখ খানকে হারানো সাম্রাজ্য ফিরিয়ে দিয়েছিল ‘পাঠান’। এরপর থেকেই প্রতীক্ষা শুরু- কবে আসছে ‘পাঠান টু’! ভারতীয় গণমাধ্যম সূত্রে খবর, ছবিটির কাজ অনেকটাই এগিয়েছে। ইতোমধ্যে চিত্রনাট্যের চূড়ান্ত করেছেন আদিত্য চোপড়া। যা দেখে নাকি অনেক খুশি হয়েছেন এই ছবির মধ্যমণি শাহরুখ।

জানা গেছে, ২০২৩ সালের মাঝামাঝি সময় থেকেই নাকি



‘পাঠান টু’র চিত্রনাট্য নিয়ে কাজ করছিলেন আদিত্য। সে হিসেবে দেড় বছরেরও বেশি সময় লাগল চিত্রনাট্য শেষ হতে।

চিত্রনাট্যকার আদিত্য চেয়েছেন প্রথম ছবিটিকেও টেক্কা দিতে। তাই সময় নিয়ে নানা দিক বিবেচনা করে তৈরি করেছেন চিত্রনাট্য। এবং এই কাজে আগাগোড়া আদিত্য যোগাযোগ রেখেছিলেন শাহরুখের সঙ্গেও। এখন এই চিত্রনাট্যই মন জয় করেছে কিং খানের, সঙ্গে উত্তেজিতও তিনি।

তবে চিত্রনাট্য লেখার কাজ শেষ হলেও ঠিক হয়নি ছবি পরিচালনা কে করবেন। ‘পাঠান’-এর পরিচালনা করেছিলেন সিদ্ধার্থ আনন্দ। তিনি এই মুহূর্তে ব্যস্ত ‘কিং’ নিয়ে। এপ্রিল মাস নাগাদ সেই ছবির শুটিং শুরু হবে।

## গোবিন্দ-সুনিতার বিবাহবিচ্ছেদ নিয়ে মুখ খুললেন অভিনেতার সহকারী



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

মাস কয়েক ধরে গুঞ্জন চলছিল যে ভাঙতে যাচ্ছে গোবিন্দ-সুনিতার সংসার। আজ মঙ্গলবার সকালে তাদের বিবাহবিচ্ছেদের খবর যেন দাবানলের মতো ছড়িয়ে পড়ে। যদিও এ প্রসঙ্গে এখনো পর্যন্ত নীরব গোবিন্দ। শোনা যাচ্ছে, মেয়ে টিনার চেয়েও বয়সে ছোট এক মারাঠি অভিনেত্রীর প্রেমে হাবুডুবু খাচ্ছেন গোবিন্দ।

তবে, এটা ছাড়াও গোবিন্দ-সুনিতার সংসারে অশান্তির নেপথ্যে রয়েছে আরও বেশ কিছু সম্ভাব্য কারণ।

অভিনেতার দীর্ঘদিনের সহকারী শশী সিনহা বলেন, বেশ কয়েকদিন ধরেই স্ত্রীর সঙ্গে গোবিন্দোর সম্পর্কে ওঠাপড়া চলছে। জানা গেছে, পরিবারের পক্ষ থেকে এমন কিছু মন্তব্য করা হয়েছে, যার কারণেই সমস্যার সূত্রপাত। যদিও এর বেশি কিছু জানাতে চান না গোবিন্দ। খুব শিগগিরই একটি সিনেমার কাজে হাত দেবেন। তার আগে সমস্যা সমাধানের চেষ্টা চলছে।

এদিকে, গোবিন্দোর ভাগনি আরতি সিংহ অবশ্য মামা-মামির বিচ্ছেদের খবর ভিত্তিহীন বলে উড়িয়ে দিয়েছেন। আরতি বলেন, আমার মামা-মামির সম্পর্ক ভীষণ মজবুত, হতেই পারে না এমন কিছু।

একই সুর ভাগনে কৃষ্ণা অভিষেকের কণ্ঠেও। তিনি বলেন, এটা হতেই পারে না, তাদের বিচ্ছেদ সম্ভব নয়।

যদিও শোনা যাচ্ছে সুনিতাই নাকি বিচ্ছেদের নোটিশ পাঠিয়েছেন। বেশ কয়েক বছর ধরে ছেলেমেয়েকে নিয়ে একাই থাকেন সুনিতা। যদিও উল্টো দিকের বাংলোতে গোবিন্দ থাকেন। দিন কয়েক আগে সুনিতা নিজেই জানিয়েছিলেন যে, বেশ কয়েক বছর ধরে জন্মদিনটা একাই কাটান। নিজেই কেক কাটেন তার পর মদ নিয়ে বসেন। এছাড়া, স্বামীকে নিয়ে নিরাপত্তাহীনতায় ভোগেন, সেই কথাও স্বীকার করেছেন সুনীতা।

চ্যাম্পিয়ন্স ট্রফি স্পেশাল

# সেমিফাইনালের আগে দুবাইয়ে অযথা ভ্রমণ, মিলারের তীব্র প্রতিক্রিয়া

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

চ্যাম্পিয়ন্স ট্রফির সেমিফাইনালের আগে অযথাই দক্ষিণ আফ্রিকাকে দুবাই সফর করতে হয়েছে। ফিরতেও হয়েছে দ্রুত। ভারত তাদের সবগুলো ম্যাচ এক ভেন্যুতে খেলার সুবিধা পেলেও অন্য সব দলগুলো বিভিন্ন ভেন্যু ঘুরে বেরিয়েছে।

তবে সেমি-ফাইনালের আগে পাকিস্তান দুবাইয়ে যাওয়া এবং কোনো ম্যাচ না খেলে পরদিন ফিরে আসার বিষয়টি মানতে পারছেন না দক্ষিণ আফ্রিকার ডেভিড মিলার।

বৃহস্পতিবার চ্যাম্পিয়ন্স ট্রফির সেমি-ফাইনালে নিউজিল্যান্ডের কাছে ৫০ রানে হেরে বিদায় নিয়েছে দক্ষিণ আফ্রিকা। কিউইদের ৩৬৩ রানের বিশাল লক্ষ্য তাড়া করতে নেমে এক প্রান্তে দারুণ লড়াই করেন মিলার। কিন্তু সেঞ্চুরি করেও ম্যাচ জেতাতে পারেননি। ম্যাচ শেষে টুর্নামেন্টের জটিল সূচি নিয়ে প্রশ্ন


ডেভিড মিলার

তুলেছেন তিনি।

'বি' গ্রুপের ম্যাচ আগে শেষ হয়ে গেলেও নিউজিল্যান্ড ও ভারতের মধ্যকার 'এ' গ্রুপের শেষ ম্যাচটির জন্য আটকে ছিল সেমি-ফাইনালের চূড়ান্ত সূচি। তাই সেই ম্যাচের আগে অস্ট্রেলিয়া ও দক্ষিণ আফ্রিকাকে উড়িয়ে আনা হয় দুবাইয়ে। ম্যাচ শেষে অস্ট্রেলিয়া থেকে গেলেও ২৪ ঘণ্টারও কম ব্যবধানে আবার দুবাইয়ে ফেরে প্রোটিয়ারা। আর এই বিশৃঙ্খল সূচির কারণ ছিল রাজনৈতিক কারণে ভারতের পাকিস্তান সফর করতে অস্বীকৃতি জানানো।

ম্যাচ শেষে মিলার বলেন, 'ফ্লাইটটি মাত্র এক ঘণ্টা ৪০ মিনিটের ছিল, কিন্তু আমাদের এটি করাটা আদর্শ ছিল না। এটা ভোরবেলায় ছিল, একটি ম্যাচের পরপরই আমাদের উড়াল দিতে হয়েছিল। আমরা বিকেল ৪টায় দুবাই পৌঁছাই। এরপর সকাল ৭:৩০-এ আবার ফিরে আসতে হয়। বিষয়টি একেবারেই স্বস্তিদায়ক ছিল না। এমনও না যে আমরা পাঁচ ঘণ্টার ফ্লাইটে গিয়েছি এবং যথেষ্ট সময় পেয়েছি বিশ্রামের, তবুও এটা একটা আদর্শ পরিস্থিতি ছিল না।'

৬৭ বলে অপরাজিত ১০০ রান করেও দলকে পরাজয়ের হাত থেকে বাঁচাতে পারেননি মিলার। রাচিন রবীন্দ্র ও কেন উইলিয়ামসনের দুর্দান্ত সেঞ্চুরির ওপর ভর করে চ্যাম্পিয়ন্স ট্রফির ইতিহাসে সর্বোচ্চ দলীয় সংগ্রহ ৩৬২ রান তোলে নিউজিল্যান্ড। মিলার ছাড়াও টেম্বা বাভুমা (৫৬) ও রাসি ভ্যান ডার ডুসেন (৬৯) ফিফটি পেলেও মিচেল স্যান্টনারের দল তাদের ৩১২ রানেই আটকে রাখে।

তবে নিউজিল্যান্ডের কাছে হারলেও ফাইনালে তাদেরই সমর্থন দিবেন জানিয়ে এই প্রোটিয়া বলেন, 'এটি দারুণ একটি ফাইনাল হবে। সত্যি বলতে, আমি নিউজিল্যান্ডকে সমর্থন করব।'

## দুবাইয়ে সব ম্যাচ খেলা অবশ্যই বাড়তি সুবিধা : শামি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

রাজনৈতিক কারণে ভারত পাকিস্তানে না যাওয়ায় এবারের চ্যাম্পিয়ন্স ট্রফি হচ্ছে হাইব্রিড মডেলে। আর এর সুবিধা একমাত্র ভারতই পাচ্ছে। সবগুলো ম্যাচ খেলছে সংযুক্ত আরব আমিরাতের দুবাইয়ে। বাকিদের শহর বদলানোর সঙ্গে দেশ বদলানোর ঝামেলা পোহাতে হচ্ছে। যা নিয়ে সমালোচনার মুখে রোহিত শর্মার দল।

তবে ভারতের পেসার মোহাম্মদ শামি স্বীকার করে নিয়েছেন, একই শহরে থাকা এবং খেলার বিষয়টি অবশ্যই তাদের বাড়তি সুবিধা দিচ্ছে।

অস্ট্রেলিয়াকে প্রথম সেমিফাইনালে হারানোর পর ভারতের এই পেসার বলেছেন, 'এটা নিশ্চিতভাবেই আমাদের সাহায্য করছে। আমরা এখন কন্ডিশন ও পিচের আচরণ সম্পর্কে পুরোপুরি অবগত।'

শামি বলেন, 'এক ভেন্যুতে সবগুলো ম্যাচ খেলা মানে সেটা অবশ্যই আমাদের বাড়তি সুবিধা।'

এদিকে, অধিনায়ক রোহিত শর্মা ও কোচ গৌতম গম্ভীর অবশ্য এর বিপরীত মন্তব্যই করেছেন। রোহিত বাড়তি সুবিধার কথা উড়িয়ে মন্তব্য করেছিলেন, 'এটা আমাদের হোমগ্রাউন্ড নয়, এটা দুবাই। আমরা খুব বেশি ম্যাচ খেলারও সুযোগ পাই না। এটা আমাদের জন্যও নতুন।'

আগামী ৯ মার্চ দুবাই আন্তর্জাতিক স্টেডিয়ামে চ্যাম্পিয়ন্স ট্রফির ফাইনালে মুখোমুখি হবে ভারত ও নিউজিল্যান্ড।

## ১৬ মাস পর ব্রাজিল দলে নেইমার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

বিশ্বকাপ বাছাইপর্বে আর্জেন্টিনা ও কলম্বিয়া ম্যাচকে সামনে রেখে দল ঘোষণা করেছে ব্রাজিল। দীর্ঘ ১৬ মাস পর দলে ফিরেছেন নেইমার জুনিয়র। তবে, প্রাথমিক দল থেকে বাদ পড়েছেন আলোচনায় থাকা অস্কার।

বৃহস্পতিবার রাতে ২৩ সদস্যের চূড়ান্ত দল ঘোষণা করেছেন ব্রাজিল কোচ দোরিভাল জুনিয়র। আগামী ২১ মার্চ ঘরের মাঠে কলম্বিয়ার বিপক্ষে মাঠে নামবে ব্রাজিল। এরপর ২৬ মার্চ চিরপ্রতিদ্বন্দ্বী আর্জেন্টিনার মাঠে খেলতে যাবে সেলেসাওরা।

ম্যাচ দুটিকে সামনে রেখে গত শনিবার ৫২ সদস্যের প্রাথমিক দল ঘোষণা করেছিলেন কোচ দোরিভাল জুনিয়র। সেখান থেকে ২৯ জনকে ছাটাই করে চূড়ান্ত দল ঘোষণা করলেন তিনি।

প্রাথমিক সেই দলে নয় বছর পর জায়গা পেয়ে আলোচনায় এসেছিলেন অস্কার। কিন্তু চূড়ান্ত দলে জায়গা হয়নি চাইনিজ লিগ থেকে গত জানুয়ারিতে সাও পাওলোতে যোগ দেয়া এ মিডফিল্ডারের। তবে সৌদি ক্লাব আল হিলাল ছেড়ে সান্তোসে ফিরে ঠিকই কোচের মন জয় করেছেন নেইমার। ২০২৩ সালে অক্টোবরে উরুগুয়ের বিপক্ষে বিশ্বকাপ বাছাইয়ের ম্যাচে চোটে ছিটকে যাওয়ার পর ১৬ মাস পর ফিরলেন তিনি।

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329
and Published at 19D, Jamir Lane, Kolkata- 700019 & 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR